



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

Website: www.bb.org.bd

০৪ জ্যৈষ্ঠ ১৪৩২

তারিখ:

১৮ মে ২০২৫

ডিএফআইএম সার্কুলার নং-০২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ফাইন্যান্স কোম্পানির ব্যবসা কেন্দ্র স্থাপন/সম্প্রসারণ/স্থানান্তর ও ভাড়া/ইজারা সংক্রান্ত নীতিমালা প্রসঙ্গে।

ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৬ ধারায় ফাইন্যান্স কোম্পানির ব্যবসা কেন্দ্র, শাখা বা বুথ স্থাপন ও বিদ্যমান ব্যবসা কেন্দ্র স্থানান্তরের বিষয়ে উল্লেখ রয়েছে। এছাড়া, বিভিন্ন সময়ে সার্কুলার ও সার্কুলার লেটার ইস্যুর মাধ্যমে সময়ে সময়ে ফাইন্যান্স কোম্পানির ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত নানা নির্দেশনা জারি করা হয়। অধিকতর আর্থিক সেবাভুক্তির লক্ষ্যে বাংলাদেশে কার্যরত ফাইন্যান্স কোম্পানির ব্যবসা কেন্দ্র স্থাপন, সম্প্রসারণ, স্থানান্তর এবং ভবন ভাড়া ও ইজারা গ্রহণ বিষয়ে বিদ্যমান নীতিমালা নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো :

১. প্রধান কার্যালয় (হেড অফিস) স্থাপন বা স্থানান্তর :

ফাইন্যান্স কোম্পানির প্রধান কার্যালয় (হেড অফিস) স্থাপন বা স্থানান্তরের পূর্বে বাংলাদেশ ব্যাংকের নীতিগত অনুমোদন গ্রহণ করতে হবে। নীতিগত অনুমোদন প্রাপ্তির পর প্রধান কার্যালয়ের অবস্থান ও ভাড়া সংক্রান্ত যাবতীয় তথ্যাদিসহ বাংলাদেশ ব্যাংকে আবেদন করতে হবে এবং চূড়ান্ত অনুমোদন গ্রহণ করতে হবে। নীতিগত অনুমোদন বা চূড়ান্ত অনুমোদনের আবেদন পত্রের সাথে আবশ্যিকভাবে পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপি সংযুক্ত করতে হবে।

২. নতুন শাখা, উপশাখা, বুথ বা ব্যবসা কেন্দ্র স্থাপন :

২.১ নীতিগত অনুমোদন :

ফাইন্যান্স কোম্পানির ব্যবসা কেন্দ্র, শাখা, উপশাখা বা বুথ স্থাপন ও স্থানান্তরের লক্ষ্যে সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানিকে পরিচালনা পর্ষদে গৃহীত সিদ্ধান্তের কপিসহ বাংলাদেশ ব্যাংকে নীতিগত অনুমোদনের জন্য আবেদন করতে হবে। আবেদনকারী কোম্পানির আর্থিক সক্ষমতা, মূলধন পর্যাণ্ডতা, শ্রেণীকৃত ঋণের হার, পরিদর্শন বিভাগের সর্বশেষ অডিট আপত্তি, ক্যামেলস রেটিং, আমানতকারীদের সেবা প্রদানসহ সার্বিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ ব্যাংক শাখা স্থাপনের নীতিগত অনুমোদন প্রদান করবে।

২.২ শাখার লাইসেন্স :

বাংলাদেশ ব্যাংকের নীতিগত অনুমোদন প্রাপ্তির পর শাখার অবস্থান নির্ধারণপূর্বক নতুন শাখা স্থাপন ও স্থানান্তরের জন্য আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪ এর ৭ ধারায় বর্ণিত নির্ধারিত ছক বা ফরম-৩ (সংযোজনী 'ক') মোতাবেক বাংলাদেশ ব্যাংকে আবেদন করতে হবে এবং লাইসেন্স গ্রহণ করতে হবে। অনুমতিপ্রাপ্ত শাখা নির্ধারিত সময়কালের মধ্যে (০৩ মাসের মধ্যে) স্থাপন বা স্থানান্তর করা না হলে উক্ত অনুমতিপত্র বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা/২

২.২.১ শাখা স্থাপনের আবেদনের সাথে নিম্নোক্ত তথ্যাবলী/দলিলাদি দাখিল করতে হবে:

- ক) নতুন শাখা স্থাপনের স্বপক্ষে পর্যদের অনুমোদনের কপি;
- খ) সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানির বিগত ৩ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী;
- গ) প্রস্তাবিত শাখার ৩ বছরের সম্ভাব্য আয়-ব্যয়ের প্রক্ষেপণ;
- ঘ) প্রস্তাবিত শাখা স্থাপনের ক্ষেত্রে স্পেস ভাড়া ও সেবা/সাজসরঞ্জাম সংগ্রহে ব্যয়িত খাতে প্রধান নির্বাহী ও পরিচালকগণের স্বার্থ সংশ্লিষ্টতা নেই মর্মে ঘোষণাপত্র;
- ঙ) প্রধান নির্বাহী বা পরিচালকদের মধ্যে কেউ ঋণ খেলাপী নন মর্মে ঘোষণাপত্র;
- চ) প্রস্তাবিত শাখা স্থাপনের সম্ভাব্য প্রারম্ভিক ব্যয়ের খাত-ওয়ারী বিবরণ;
- ছ) ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর কোনো ধারার অধীনে সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানির প্রধান নির্বাহী বা কোন পরিচালক দণ্ডিত নন মর্মে ঘোষণাপত্র;
- জ) প্রস্তাবিত শাখা স্থাপনের জন্য অফিস স্পেস বা ভবনের খসড়া ভাড়া চুক্তি বা সমঝোতা চুক্তি;
- ঝ) প্রস্তাবিত অফিস স্পেস বা ভবনের ভাড়া বাজার ভিত্তিক হওয়ার স্বপক্ষে তথ্য/উপাত্ত বা দলিলাদি (নিকটবর্তী ব্যাংক কিংবা ফাইন্যান্স কোম্পানির বিদ্যমান শাখাসমূহের ভাড়া সংক্রান্ত তথ্যাদি দাখিল করতে হবে)।

২.৩ ঢাকা ও ঢাকার বাইরে নতুন শাখা স্থাপনের অনুপাত :

- ক) বাৎসরিক নতুন শাখা খোলার অনুপাত হবে ১ঃ২ অর্থাৎ ঢাকায় স্থাপিত একটি শাখার বিপরীতে ঢাকার বাইরে দুইটি শাখা স্থাপন করতে হবে;
- খ) বাৎসরিক ভিত্তিতে প্রতিটি শহরে একটির অধিক শহর শাখা স্থাপন করা যাবে না;
- গ) শাখার আয়তন হবে সর্বোচ্চ ৫০০০ বর্গফুট এবং শাখা স্থাপনের প্রারম্ভিক ব্যয় (আইটি সরঞ্জাম ব্যতিত ইন্টেরিয়র ডেকোরেশন, অফিস ফার্নিচার, ইলেকট্রিক/ইলেকট্রনিক্স ইত্যাদি) প্রতি বর্গফুটে ২,০০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৩. উপশাখা স্থাপন :

যেসব এলাকায় ফাইন্যান্স কোম্পানি বা তার শাখা নেই সেসব এলাকায় আর্থিক অন্তর্ভুক্তির নিমিত্তে আর্থিক প্রতিষ্ঠানগুলো বিদ্যমান শাখার অধীনে স্বল্পব্যয়ী ‘উপশাখা’ স্থাপনের মাধ্যমে গ্রাহক সেবা প্রদান করতে পারবে। উপশাখা স্থাপনের জন্য পরিচালনা পর্যদের গৃহীত সিদ্ধান্তের কপিসহ নির্ধারিত ছক (সংযোজনী ‘খ’) মোতাবেক আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। অনুমতিপ্রাপ্ত উপশাখা নির্ধারিত সময়কালের মধ্যে স্থাপন করা না হলে উক্ত অনুমতিপত্র বাতিল বলে গণ্য হবে। উপশাখা স্থাপনে নিম্নোক্ত শর্তাবলী পরিপালন করতে হবেঃ-

- ক) প্রস্তাবিত উপশাখা বিদ্যমান একটি পূর্ণাঙ্গ শাখার অধীনে পরিচালিত হবে এবং আয়তন হবে সর্বোচ্চ ১০০০ বর্গফুট;
- খ) প্রস্তাবিত উপশাখার কার্যক্রম ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এবং আবেদনকারী কোম্পানির সংঘ স্মারকে উল্লিখিত উদ্দেশ্যাবলী অনুযায়ী জনস্বার্থে পরিচালিত হতে হবে;
- গ) যে এলাকায় উপশাখা স্থাপন করা হবে ঐ এলাকার ব্যবসায়িক ও অর্থনৈতিক কর্মকাণ্ডের বর্তমান ও ভবিষ্যৎ সম্ভাবনা উপশাখা পরিচালনার জন্য উপযোগী হতে হবে এবং আয়-ব্যয়ের সম্ভাব্যতা মূল্যায়নে লাভজনক হতে হবে;
- ঘ) কোন শাখার কার্যক্রম ২ বছর অতিবাহিত হওয়া সাপেক্ষে উক্ত শাখার আওতায় উপশাখা স্থাপন করা যাবে এবং একটি শাখার আওতায় ২টির বেশি উপশাখা স্থাপন করা যাবে না;
- ঙ) আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিতকরণের লক্ষ্যে উপশাখাসমূহ আবশ্যিকভাবে শহর এলাকার বাইরে স্থাপন করতে হবে;
- চ) উপশাখা ও নিয়ন্ত্রণকারী শাখার দূরত্ব কমপক্ষে ১০ কি.মি হতে হবে;
- ছ) উপশাখার সকল প্রকার তথ্যাবলী ও নথিপত্র নিয়ন্ত্রণকারী শাখায় সংরক্ষণ করতে হবে এবং নিয়ন্ত্রণকারী শাখার ব্যবস্থাপকই ঐ উপশাখার পরিচালনার দায়িত্বে থাকবেন;
- জ) নিয়ন্ত্রণকারী শাখা কর্তৃক উপশাখার সকল কার্যক্রম নিয়মিতভাবে তদারকি করতে হবে এবং মাসিক ন্যূনতম দুইবার সরেজমিনে পরিদর্শন করতে হবে;
- ঝ) উপশাখার সামগ্রিক কার্যক্রম নিয়ন্ত্রণকারী শাখার বুকস্ অব একাউন্টস্-এ অন্তর্ভুক্ত হতে হবে;
- ঞ) সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ন্যূনতম ২ জন কর্মকর্তা নিযুক্ত করতে হবে;
- ট) শাখায় প্রদত্ত সেবার জন্য যে নির্ধারিত ফি বা চার্জ প্রযোজ্য তার অনুরূপ ফি বা চার্জ উপশাখায় প্রদত্ত সেবার জন্য প্রযোজ্য হবে;
- ঠ) উপশাখা স্থাপনের প্রারম্ভিক ব্যয় (আইটি সরঞ্জাম ব্যতিত ইন্টেরিয়র ডেকোরেশন, অফিস ফার্নিচার, ইলেকট্রিক/ইলেকট্রনিক্স ইত্যাদি) প্রতি বর্গফুটে ২০০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;
- ড) উপশাখার সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

- ঢ) শাখার জন্য প্রযোজ্য অফিস সূচি উপশাখার জন্যও প্রযোজ্য হবে;
- ণ) ফাইন্যান্স কোম্পানির নাম, নিয়ন্ত্রণকারী শাখার নাম ও উপশাখার নাম সম্বলিত সাইনবোর্ড সংশ্লিষ্ট উপশাখার সম্মুখে সহজে দৃষ্টিগোচর হয় এরূপ স্থানে প্রদর্শন করতে হবে;
- ত) উপশাখায় প্রদেয় সেবাসমূহের একটি তালিকা দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে;
- থ) বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতিরেকে বিদ্যমান উপশাখা স্থানান্তর কিংবা বন্ধ করা যাবে না।

৩.১ উপশাখার কার্যক্রম :

- ক) গ্রাহকদের নিকট হতে ঋণ/লীজ প্রস্তাব গ্রহণ করা যাবে কিন্তু কোন ধরনের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা যাবে না;
- খ) ঋণ/লীজ, বিনিয়োগ ও অন্যান্য তথ্যাদি আদান প্রদানসহ প্রচলিত গ্রাহক সেবা নিশ্চিত করতে হবে;
- গ) গ্রাহকদের নিকট হতে বিতরণকৃত ঋণ/লীজের কিস্তি আদায় বা পরিশোধ কার্যক্রম তদারকি করা যাবে;
- ঘ) উপশাখার গ্রাহকদের সকল প্রকার তথ্যাবলী সংশ্লিষ্ট উপশাখা এবং নিয়ন্ত্রণকারী শাখার নিকট সংরক্ষণ করতে হবে;
- ঙ) গ্রাহকদের নিকট হতে যে কোন ধরনের অভিযোগ গ্রহণ এবং তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- চ) ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এ অনুমোদিত নয় বা সাংঘর্ষিক এরূপ কোন ব্যবসা/লেনদেন করা যাবে না;

৪. বুথ স্থাপন :

ফাইন্যান্স কোম্পানির যে কোন ধরনের ব্যবসায় উন্নয়ন কেন্দ্র (বুথ/বিজনেস ডেভেলপমেন্ট সেন্টার/কাস্টমার সার্ভিস সেন্টার/কল সেন্টার/এসএমই সেন্টার/সেলস অফিস ইত্যাদি যে নামেই অভিহিত হোক না কেন) স্থাপনের জন্য পরিচালনা পর্ষদ সিদ্ধান্তের কপিসহ নির্দিষ্ট ছকে (সংযোজনী 'খ') বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে। এ ধরনের স্থাপনায় এলাকা ভিত্তিক গ্রাহক সেবা, পরামর্শ প্রদান, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ, প্রতিষ্ঠানের মানব সম্পদ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা যাবে। এ ধরনের স্থাপনার আয়তন হবে সর্বোচ্চ ২০০ বর্গফুট এবং প্রারম্ভিক ব্যয় (আইটি সরঞ্জাম ব্যতিত ইন্টেরিয়র ডেকোরেশন, অফিস ফার্নিচার, ইলেকট্রিক/ইলেকট্রনিক্স ইত্যাদি) প্রতি বর্গফুটে ২০০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৫. ব্যবসা কেন্দ্র স্থানান্তর :

প্রধান কার্যালয় (হেড অফিস), শাখা, উপশাখা, বুথ বা ব্যবসা উন্নয়ন কেন্দ্র স্থানান্তরের প্রয়োজন হলে বিদ্যমান ভাড়াচুক্তি মেয়াদোত্তীর্ণ হওয়ার অথবা প্রত্যাশিত স্থানান্তর তারিখের ন্যূনতম ৩ মাস পূর্বে পরিচালনা পর্ষদের গৃহীত সিদ্ধান্তের কপিসহ শাখা স্থানান্তরের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪ এর ৭ ধারায় বর্ণিত নির্দেশনা মোতাবেক নির্ধারিত ছক (সংযোজনী 'ক') অনুযায়ী এবং প্রধান কার্যালয়, উপশাখা, বুথ বা ব্যবসা উন্নয়ন কেন্দ্র স্থানান্তরের ক্ষেত্রে সংযোজনী 'গ' এ বর্ণিত ছকে আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। স্থানান্তরের প্রারম্ভিক ব্যয় (আইটি সরঞ্জাম ব্যতিত ইন্টেরিয়র ডেকোরেশন, অফিস ফার্নিচার, ইলেকট্রিক/ইলেকট্রনিক্স ইত্যাদি) প্রতি বর্গফুটে ১৪০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৬. ব্যবসা কেন্দ্র (প্রধান কার্যালয়/শাখা/উপশাখা/বুথ) সম্প্রসারণ :

- ক) কোনো ব্যবসা কেন্দ্র (প্রধান কার্যালয়/শাখা/উপশাখা/বুথ) সম্প্রসারণ করার প্রয়োজনীয়তা দেখা দিলে সম্প্রসারণের সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক পরিচালনা পর্ষদের গৃহীত সিদ্ধান্তের কপিসহ নির্ধারিত ছকে (সংযোজনী 'ঘ') আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
- খ) ব্যবসা কেন্দ্রের সম্প্রসারণ একই স্থাপনায় করতে হবে। তবে বিশেষ কারণে প্রধান কার্যালয়ের ক্ষেত্রে একই স্থাপনায় সম্প্রসারণ সম্ভব না হলে উক্ত সম্প্রসারণ নিকটতম দূরত্বে (পাশাপাশি ভবনে) করা যেতে পারে;
- গ) ব্যবসা কেন্দ্র (প্রধান কার্যালয়/শাখা/উপশাখা/বুথ) সম্প্রসারণের প্রারম্ভিক ব্যয় (আইটি সরঞ্জাম ব্যতিত ইন্টেরিয়র ডেকোরেশন, অফিস ফার্নিচার, ইলেকট্রিক/ইলেকট্রনিক্স ইত্যাদি) প্রতি বর্গফুটে ২০০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৭. ব্যবসা কেন্দ্র একীভূত/রূপান্তর/বন্ধকরণ :

- ক) ফাইন্যান্স কোম্পানির পরিচালনা পর্ষদের সিদ্ধান্তক্রমে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে প্রয়োজনে যে কোনো ব্যবসা কেন্দ্র নিকটবর্তী ব্যবসা কেন্দ্রের সাথে একীভূত করা যাবে। কোনো ব্যবসা কেন্দ্রের ধরণ পরিবর্তনের ক্ষেত্রেও একই পদ্ধতি অনুসরণ করতে হবে;
- খ) কোনো ব্যবসা কেন্দ্র বন্ধ করার প্রয়োজনীয়তা দেখা দিলে বন্ধকরণের সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক পরিচালনা পর্ষদে গৃহীত সিদ্ধান্তের কপিসহ আবেদন করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

- গ) এ ধরনের আবেদনের সহিত একীভূত বা বন্ধকরণের কারণ, বিদ্যমান গ্রাহকদের কিভাবে সেবা প্রদান করা হবে সে সংক্রান্ত পরিকল্পনা, বিদ্যমান জনবল কিভাবে আত্মীকরণ করা হবে সে সংক্রান্ত পরিকল্পনা দাখিল করতে হবে;
- ঘ) ব্যবসা কেন্দ্র একীভূত/রূপান্তর/বন্ধকরণের জন্য নির্ধারিত বা প্রত্যাশিত সময়ের ন্যূনতম ৩ মাস পূর্বে আবেদনপত্র দাখিল করতে হবে।

৮. স্থাপনা ভাড়া/ইজারা গ্রহণ ও নবায়ন :

স্থাপনা ভাড়া/ইজারা গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করতে হবে:

- ৮.১ দীর্ঘমেয়াদে চুক্তি সম্পাদনের ক্ষেত্রে ব্যয় শাসনীয় ও অন্যান্য সুবিধাদি বিবেচনায় অনধিক ২০ বছর মেয়াদে ভবন/ফ্লোর স্পেস ভাড়া/ইজারা গ্রহণ করা যাবে;
- ৮.২ একই ভাড়াচুক্তির মেয়াদে ন্যূনতম ৩ বছর অন্তর মূল ভাড়ার ১৫% এর অধিক হারে বৃদ্ধি করা যাবে না। ভাড়া বৃদ্ধির হার ১৫% এর বেশী হলে পরিচালনা পর্ষদের অনুমোদনসহ নির্ধারিত ছকে (সংযোজনী 'ঙ') আবেদন করে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ করতে হবে।
- ৮.৩ একই ভাড়াচুক্তির মেয়াদে একবারের অধিক অগ্রিম প্রদান করা যাবে না এবং অগ্রিম প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত ছকে বর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

ক্রমিক নং	ভাড়াচুক্তির মেয়াদ	প্রদেয় অগ্রিম (সর্বোচ্চ)
১	৪ বছর পর্যন্ত	১২ মাসের ভাড়ার সমপরিমাণ
২	৪ বছরের বেশি কিন্তু ০৯ বছরের কম	২৪ মাসের ভাড়ার সমপরিমাণ
৩	৯ বছর বা তদূর্ধ্ব	৩৬ মাসের ভাড়ার সমপরিমাণ

- ৮.৪ স্থাপনা ভাড়া/ইজারা গ্রহণের জন্য দীর্ঘমেয়াদী চুক্তি সম্পাদন হওয়ার ক্ষেত্রে একবার বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গৃহীত হলে পরবর্তীতে ৩ বছর বা তদূর্ধ্ব মেয়াদে ভাড়াচুক্তি নবায়ন/পুনঃনবায়নের ক্ষেত্রে ভাড়া বৃদ্ধির হার ১৫% এর মধ্যে সীমিত থাকলে বাংলাদেশ ব্যাংকের নিকট হতে নতুন করে অনুমোদন গ্রহণের আবশ্যিকতা নেই। তবে, নবায়ন/পুনঃনবায়নের ক্ষেত্রে ফাইন্যান্স কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের অব্যবহিত ১৫ দিনের মধ্যে বিষয়টি বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগকে অবহিত করতে হবে।
- ৮.৫ যে কোনো ধরনের ব্যবসা কেন্দ্র স্থাপনের জন্য ভবন/ফ্লোর স্পেস ভাড়া/ইজারা গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন ও বিধিসমূহের পরিপালন এবং বিধিবদ্ধ সংস্থাসমূহের অনুমোদন গ্রহণ ও নিরাপত্তা নিশ্চিতকরণে ডিএফআইএম সার্কুলার নং-০২/২০১৩ এ বর্ণিত নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিত করতে হবে।
- ৮.৬ ব্যবসা কেন্দ্রে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিতকল্পে জাতীয় গ্রিডের বিদ্যুৎ ব্যবহারের পাশাপাশি প্রয়োজনে সোলার প্যানেল স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

৯. স্থাপনা ভাড়া সংক্রান্ত বিবরণী : প্রতি বছর জানুয়ারি মাসের ১৫ তারিখের মধ্যে অব্যবহিত পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানের ব্যবসা কেন্দ্রের (শাখা, উপশাখা, বুথ, প্রধান কার্যালয় ইত্যাদি) ভাড়া সংক্রান্ত বিবরণী আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগে প্রেরণ করবে।

১০. ডিএফআইএম সার্কুলার নং-০৭/২০১০, ডিএফআইএম সার্কুলার নং-১২/২০১৫ এর ২ নং অনুচ্ছেদ, ডিএফআইএম সার্কুলার লেটার নং-১১/২০১৪, ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৫/২০১৯, ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৩/২০১৯ এতদ্বারা রহিত করা হলো।

১১. ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮

ফর্ম-৩

[আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪ এর প্রবিধান ৭ দ্রষ্টব্য]
নূতন শাখা খোলা বা বর্তমান শাখা স্থানান্তরের জন্য আবেদনপত্র

পরিচালক,
আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ,
বাংলাদেশ ব্যাংক,
প্রধান কার্যালয়,
ঢাকা।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪-এর প্রবিধান অনুযায়ী নূতন শাখা খোলা বা বর্তমান শাখা স্থানান্তরের জন্য আবেদন করিতেছি। এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্য নিম্নে প্রদান করা হইলঃ

- ১। আর্থিক প্রতিষ্ঠানের নাম :
২। বিদ্যমান শাখার সংখ্যা :
৩। অলাভজনক শাখার সংখ্যা :

শাখার নাম	শাখা খোলার তারিখ	বিগত বছরে ক্ষতির পরিমাণ	গৃহীত ঋণ	প্রদত্ত ঋণ	মন্তব্য
-----------	------------------	-------------------------	----------	------------	---------

- ৪। প্রস্তাবিত নূতন শাখার বিবরণ :
ক) অবস্থান :
খ) শাখা খোলার যৌক্তিকতা :
-প্রস্তাবিত শাখার এরিয়া অব অপারেশন বা এলাকার মোট জনসংখ্যা :
-উক্ত এলাকার প্রধান ব্যবসা, বাণিজ্য ও অন্যান্য অর্থনৈতিক কর্মকাণ্ড (পরিসংখ্যানসহ) :
-উক্ত এলাকায় বিদ্যমান ব্যবসায়িক সুবিধা (নিকটবর্তী, অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের শাখার অবস্থান) :
-শাখা খোলার পরবর্তী ১২ মাসের মধ্যে ঋণ গ্রহণ/প্রদানের সম্ভাবনা :

- ৫। বিদ্যমান শাখা স্থানান্তর :
ক) বর্তমান ঠিকানা :
খ) শাখা স্থানান্তরের প্রস্তাবিত ঠিকানা :
গ) শাখা স্থানান্তরের যৌক্তিকতা :
-স্থানান্তরিত শাখার এলাকার মোট জনসংখ্যা :
-উক্ত এলাকার প্রধান ব্যবসা, বাণিজ্য ও কর্মকাণ্ড :
-উক্ত এলাকার বিদ্যমান অর্থায়ন ব্যবসার সুবিধা :
(নিকটবর্তী অন্যান্য ব্যাংক-এর শাখার অবস্থান)। :

- ৬। আর্থিক প্রতিষ্ঠানের মূলধন কাঠামো :
-অনুমোদিত মূলধন :
-পরিশোধিত মূলধন :

- ৭। প্রারম্ভিক ব্যয় :

- ৮। অন্যান্য তথ্য যদি থাকে :

উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সঠিক।

(ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর স্বাক্ষর)

ব্যবসা কেন্দ্র (উপশাখা/বুথ/ব্যবসায় উন্নয়ন কেন্দ্র) স্থাপন সংক্রান্ত তথ্যাদি

১. ফাইন্যান্স কোম্পানির নামঃ

২. বিদ্যমান ব্যবসা কেন্দ্রের সংখ্যাঃ

ব্যবসা কেন্দ্রের অবস্থান	শাখা	উপশাখা	ব্যবসায় উন্নয়ন কেন্দ্র/বুথ
ঢাকা শহর			
ঢাকা শহর এর বাইরে			
মোট			

৩. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের নামঃ

৪. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের পূর্ণাঙ্গ ঠিকানাঃ

৫. নিয়ন্ত্রণকারী শাখার নাম ও দূরত্বঃ

৬. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যঃ

৭. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের ভবন নির্বাচন এবং অফিস সজ্জার কোন আসবাবপত্র ক্রয়ে ফাইন্যান্স কোম্পানির প্রধান নির্বাহী/পরিচালকদের কোন স্বার্থসংশ্লিষ্টতা আছে কি না, থাকলে বিস্তারিত বিবরণঃ

(এতদসংক্রান্ত ঘোষণাপত্র আবেদনের সাথে আলাদাভাবে দাখিল করতে হবে)

৮. প্রস্তাবিত ভবনটি ব্যবসা কেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত কি নাঃ

৯. আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংক/ফাইন্যান্স কোম্পানির শাখা/উপশাখার তথ্যাদিঃ

ক্রমিক নং	ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি ও শাখা/উপশাখার নাম	ঠিকানা এবং প্রস্তাবিত ব্যবসা কেন্দ্র হতে দূরত্ব	মাসিক ভাড়ার হার (টাকা/বর্গফুট)	মন্তব্য (যদি থাকে)

১০. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের জন্য ভবন ভাড়ার বিবরণঃ

ফ্লোর স্পেসের আয়তন (বর্গফুট)	মাসিক ভাড়া (টাকা/বর্গফুট)	ভাড়া বৃদ্ধির হার	সার্ভিস চার্জ (যদি থাকে)	অন্যান্য চার্জ	অগ্নিমের পরিমাণ	ভাড়াচুক্তির মেয়াদ

(প্রস্তাবিত ভবনের ভাড়া বাজারভিত্তিক হতে হবে এবং এতদসংক্রান্ত ঘোষণাপত্র আবেদনের সাথে আলাদাভাবে দাখিল করতে হবে)

১১. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্র স্থাপনের সম্ভাব্য ব্যয়ঃ

ক) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে সম্ভাব্য ব্যয়ঃ

ক্রমিক নং	ব্যয়ের খাত	ব্যয়ের পরিমাণ	প্রতি বর্গফুটে ব্যয়

খ) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র খাতে সম্ভাব্য ব্যয়ঃ

ক্রমিক নং	ব্যয়ের খাত	ব্যয়ের পরিমাণ	মন্তব্য

গ) মোট ব্যয়ের পরিমাণ (ক+খ)ঃ

১২. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের সম্ভাব্য লোকবলঃ

১৩. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণঃ

(সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসিটিভি ইত্যাদি)

১৪. অন্যান্য (প্রয়োজ্য ক্ষেত্রে)ঃ

(ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর স্বাক্ষর)

ব্যবসা কেন্দ্র (প্রধান কার্যালয়/শাখা/উপশাখা/বুথ/ব্যবসায় উন্নয়ন কেন্দ্র) স্থানান্তর সংক্রান্ত তথ্যাদি

১. ফাইন্যান্স কোম্পানির নামঃ
২. ব্যবসা কেন্দ্রের অনুমতিপত্র নম্বর ও তারিখঃ
৩. ব্যবসা কেন্দ্রের নাম (শাখার ক্ষেত্রে শহর/পল্লী উল্লেখসহ)ঃ
৪. ব্যবসা কেন্দ্রের পূর্ণাঙ্গ ঠিকানাঃ

বর্তমান ঠিকানা	প্রস্তাবিত ঠিকানা

৫. বর্তমান ভবন হতে প্রস্তাবিত ভবনের দূরত্বঃ
৬. উপশাখার ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী শাখার নাম ও নিয়ন্ত্রণকারী শাখা হতে প্রস্তাবিত ভবনের দূরত্বঃ
৭. নির্বাচিত ভবনের মালিকানার সাথে ফাইন্যান্স কোম্পানির প্রধান নির্বাহী/পরিচালকদের কোন স্বার্থসংশ্লিষ্টতা আছে কি না, থাকলে বিস্তারিত বিবরণঃ
- (এতদসংক্রান্ত ঘোষণাপত্র আবেদনের সাথে আলাদাভাবে দাখিল করতে হবে)
৮. নির্বাচিত ভবনটি ব্যবসা কেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত কি নাঃ
৯. আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংক/ফাইন্যান্স কোম্পানির শাখা/উপশাখার তথ্যাদিঃ

ক্রমিক নং	ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি ও শাখা/উপশাখা/বুথের নাম	ঠিকানা এবং প্রস্তাবিত ব্যবসা কেন্দ্র হতে দূরত্ব	মাসিক ভাড়ার হার (টাকা/বর্গফুট)	মন্তব্য (যদি থাকে)

১০. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের জন্য ভবন ভাড়ার বিবরণঃ

ক্রমিক নং	ভাড়া সংক্রান্ত দফাসমূহ	বিদ্যমান	প্রস্তাবিত
১	ফ্লোর স্পেসের আয়তন (বর্গফুট)		
২	মাসিক ভাড়া (টাকা/বর্গফুট)		
৩	চুক্তির মেয়াদে ভাড়া বৃদ্ধির হার		
৪	অগ্নিমের পরিমাণ		
৫	সার্ভিস চার্জ (যদি থাকে)		
৬	অন্যান্য চার্জ		
৭	ভাড়াচুক্তির মেয়াদ		

(প্রস্তাবিত ভবনের ভাড়া বাজারভিত্তিক হতে হবে এবং এতদসংক্রান্ত ঘোষণাপত্র আবেদনের সাথে আলাদাভাবে দাখিল করতে হবে)

১১. ব্যবসা কেন্দ্র স্থানান্তরে সম্ভাব্য ব্যয়ঃ

ক) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে সম্ভাব্য ব্যয়ঃ

ক্রমিক নং	ব্যয়ের খাত	ব্যয়ের পরিমাণ	মন্তব্য

খ) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র খাতে সম্ভাব্য ব্যয়ঃ

ক্রমিক নং	ব্যয়ের খাত	ব্যয়ের পরিমাণ	মন্তব্য

গ) মোট ব্যয়ের পরিমাণ (ক+খ)ঃ

১২. ব্যবসা কেন্দ্র স্থানান্তরের যৌক্তিকতাঃ

১৩. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ (সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসিটিভি ইত্যাদি)ঃ

(ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর স্বাক্ষর)

ব্যবসা কেন্দ্র (প্রধান কার্যালয়/শাখা/উপশাখা/বুথ) সম্প্রসারণ সংক্রান্ত তথ্যাদি।

১. ফাইন্যান্স কোম্পানির নাম:
২. ব্যবসা কেন্দ্রের অনুমতিপত্র নম্বর ও তারিখ:
৩. ব্যবসা কেন্দ্রের নাম (শাখার ক্ষেত্রে শহর/পল্লী উল্লেখসহ):
৪. ব্যবসা কেন্দ্রের পূর্ণাঙ্গ ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী):

ভবন সংক্রান্ত তথ্যাদি	বর্তমান	প্রস্তাবিত	মন্তব্য (যদি থাকে)
ভবনের নাম (যদি থাকে)			
হোল্ডিং নম্বর			
মোজা			
দাগ ও খতিয়ান নং			
সড়কের নাম (যদি থাকে)			
গ্রাম			
ওয়ার্ড নম্বর			
ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন			
থানা			
জেলা			

৫. বর্তমান ভবন হতে প্রস্তাবিত ভবনের দূরত্ব:
৬. নির্বাচিত ভবনের মালিকানার সাথে ফাইন্যান্স কোম্পানির প্রধান নির্বাহী/পরিচালকদের সংশ্লিষ্টতা আছে কি না, থাকলে বিস্তারিত বিবরণ:
৭. নির্বাচিত ভবনটি ব্যবসা কেন্দ্র স্থাপনের উপযুক্ত কি না:
৮. আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংক/ফাইন্যান্স কোম্পানির শাখা/উপশাখার তথ্যাদি (নিম্নোক্ত ছক অনুযায়ী):

ক্রমিক নং	ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি ও শাখা/উপশাখার নাম	ঠিকানা ও প্রস্তাবিত ব্যবসা কেন্দ্র হতে দূরত্ব	মাসিক ভাড়ার হার (টাকা/বর্গফুট)	মন্তব্য (যদি থাকে)

৯. প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের জন্য ভবন ভাড়ার বিবরণ:

ক্রমিক নং	ভাড়া সংক্রান্ত দফাসমূহ	বিদ্যমান	প্রস্তাবিত
১	ফ্লোর স্পেসের আয়তন (বর্গফুট)		
২	মাসিক ভাড়া (টাকা/বর্গফুট)		
৩	চুক্তির মেয়াদে ভাড়া বৃদ্ধির হার		
৪	অগ্নিঝের পরিমাণ		
৫	সার্ভিস চার্জ (যদি থাকে)		
৬	অন্যান্য চার্জ		
৭	ভাড়াচুক্তির মেয়াদ		

(প্রস্তাবিত ভবনের ভাড়া বাজারভিত্তিক হতে হবে এবং এতদসংক্রান্ত ঘোষণাপত্র আবেদনের সাথে আলাদাভাবে দাখিল করতে হবে)

১০. ব্যবসা কেন্দ্র সম্প্রসারণে সম্ভাব্য ব্যয়ঃ

ক) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অন্যান্য খাতে সম্ভাব্য ব্যয়ঃ

ক্রমিক নং	ব্যয়ের খাত	ব্যয়ের পরিমাণ	মন্তব্য

খ) আইটি সরঞ্জাম ও শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র খাতে সম্ভাব্য ব্যয়ঃ

ক্রমিক নং	ব্যয়ের খাত	ব্যয়ের পরিমাণ	মন্তব্য

গ) মোট ব্যয়ের পরিমাণ (ক+খ):

১১. ব্যবসা কেন্দ্র সম্প্রসারণের যৌক্তিকতাঃ

১২. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ (সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসিটিভি ইত্যাদি)ঃ

স্থাপনা ভাড়া/ইজারা নবায়ন সংক্রান্ত তথ্যাদি।

১. ফাইন্যান্স কোম্পানির নাম:
২. ভবন/ফ্লোর স্পেস ভাড়া গ্রহণের উদ্দেশ্য:
৩. ভবনের ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী):

সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকার ক্ষেত্রে		অন্যান্য এলাকার ক্ষেত্রে	
ভবনের নাম (যদি থাকে)		ভবনের নাম (যদি থাকে)	
হোল্ডিং নম্বর		গ্রাম/এলাকা	
সড়ক নম্বর (যদি থাকে)		দাগ নম্বর	
সড়কের নাম (যদি থাকে)		খতিয়ান নম্বর	
ওয়ার্ড নম্বর		মৌজার নাম	
সিটি কর্পোরেশন/পৌরসভা		ইউনিয়ন	
থানা		থানা	
জেলা		জেলা	

৪. ফ্লোর স্পেসের মালিকানার সাথে ফাইন্যান্স কোম্পানির প্রধান নির্বাহী/পরিচালকদের সংশ্লিষ্টতা আছে কি না, থাকলে বিস্তারিত বিবরণ:
৫. আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংক/ফাইন্যান্স কোম্পানির শাখা/উপশাখার তথ্যাদি (নিম্নোক্ত ছক অনুযায়ী):

ক্রমিক নং	ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি শাখা/উপশাখার নাম	ও ঠিকানা ও ব্যবসা কেন্দ্র হতে দূরত্ব	মাসিক ভাড়ার হার (টাকা/বর্গফুট)	মন্তব্য (যদি থাকে)

৬. প্রস্তাবিত ফ্লোর স্পেসের ভাড়ার বিবরণ:

ক্রমিক নং	ভাড়া সংক্রান্ত দফাসমূহ	বিদ্যমান (প্রযোজ্য ক্ষেত্রে)	প্রস্তাবিত
১	ফ্লোর স্পেসের আয়তন (বর্গফুট)		
২	মাসিক ভাড়া (টাকা/বর্গফুট)		
৩	চুক্তির মেয়াদে ভাড়া বৃদ্ধির হার		
৪	অগ্নিমের পরিমাণ		
৫	সার্ভিস চার্জ (যদি থাকে)		
৬	অন্যান্য চার্জ		
৭	ভাড়াচুক্তির মেয়াদ		

৭. সার্বিকভাবে পূর্বের তুলনায় ভাড়া বৃদ্ধির শতকরা হার :

(ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর স্বাক্ষর)